

নং-৪৪.০০.০০০০.০৯৪.২৭.০২৮.২১-১৩৫৩

তারিখ : ১৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২২ খ্রি.


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মিজানুর রহমান, পিপিএম-সেবা (বিপি-৬৬৯১০০০০২৫), অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিআইজি), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা (বর্তমানে সাময়িক বরখাস্ত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত) এর বিরুদ্ধে গত ২৪-০৬-২০১৯ খ্রি. তারিখে দুর্নীতি দমন কমিশন কর্তৃক রঞ্জুকৃত দুদক, সজেকা, ঢাকা-১ এর ০১ নং মামলার তদন্ত শেষে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৬ (২) ও ২৭ (১) ধারা, মানিলাভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ৪(২) ও (৩) ধারাসহ এবং দন্ডবিধির ১০৯ ধারায় দুদক, সজেকা, ঢাকা-১ গত ৩০-১০-২০২০ তারিখ ০৮ নং চার্জশিট দাখিল করা হয়। মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ তাকে ২৩-০২-২০২২ খ্রি. তারিখ ৩(তিন) বছরের কারাদন্ড প্রদান করেন;

২। যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪২(১) ধারা অনুযায়ী জনাব মোঃ মিজানুর রহমান, পিপিএম-সেবা (বিপি-৬৬৯১০০০০২৫), অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিআইজি), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা (বর্তমানে সাময়িক বরখাস্ত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত)কে গত ২৩-০২-২০২২ খ্রি. তারিখ থেকে চাকরি হতে বরখাস্ত করা হলো।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


০৩/১১/২০২২
মোঃ আমিনুল ইসলাম খান
সিনিয়র সচিব

নং-৪৪.০০.০০০০.০৯৪.২৭.০২৮.২১-১৩৫৩(১১)

তারিখ : ১৮ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/পুলিশ মহাপরিদর্শক..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৪। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
এ প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেট-সংখ্যায় প্রকাশনার জন্য অনুরোধ করা হলো।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। উপসচিব (শৃঙ্খলা-১/২ শাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।